ভোরের কাগজ

AUG 21 2002

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ১

# ভারত ফেরত বাংলাদেশী ছাত্রকে লক্ষ্য করে বিএসএফ-এর গুলি

## অন্যায় আচরণের জের ধরে বেনাপোলে উত্তেজনা দুপক্ষের গুলিবিনিময়, ছাত্রের জীবন সংকটাপন্ন

মামুন রহমান, যশোর থেকে : দেশে ফেরার পথে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর গুলিতে সে দেশে অধ্যয়নরত এক বাংলাদেশী ছাত্রের গুরুতর জখম হওয়ার ঘটনায় গতকাল বেনাপোল সীমান্তে বিডিআর-বিএসএফ গুলিবিনিময়সহ ব্যাপক উত্তেজনা দেখা দেয়। এ ঘটনায় উদ্ভূত পরিস্থিতির কারণে গতকাল বেনাপোল স্থলবন্দরে আমদানি-রপ্তানি এবং যাত্রী যাতায়াত প্রায় ২ ঘণ্টা বন্ধ থাকে। এদিকে সিলেট অফিস জানিয়েছে বিএসএফ গোয়াইনঘাট সীমান্তে গত রোববার গুলিতে নিহত ২ বাংলাদেশী নাগরিকের লাশ কালও ফেরত দেয়নি।

কয়েকটি সূত্র জানায়, ভারতের ব্যাঙ্গালোরের একটি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পারভেজ নামের ঐ বাংলাদেশী ছাত্র দেশে ফিরতে গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে বেনাপোল সীমান্তের ওপারে পেট্রাপোলে পৌছলে পাসপোর্টের মেয়াদ সমাপ্তির অভিযোগ তুলে ভারতীয় কাস্টমসের লোকজন তার কাছে উৎকোচ দাবি করে। পারভেজ তা দিতে না পারায় কাস্টমস কর্মকর্তারা তাকে বিএসএফের কাছে হস্তান্তর করে। এ সময় বিএসএফ ক্যাম্পে নিয়ে অজ্ঞাত কারণে তার ওপর অমানুষিক নির্যাতন চালায়। এরই মধ্যে সুযোগ পেয়ে পারভেজ ক্যাম্প থেকে দৌড়ে এপারের বেনাপোলে প্রবেশের চেষ্টা করলে বিএসএফ সদস্যরা তাকে লক্ষ্য করে ২ রাউন্ড গুলি ছোড়ে। একটি গুলি এসে পারভেজের ডান পাঁজরে বিদ্ধ হয়। গুলিবিদ্ধ হয়েও সে কোনোমতে নোম্যান্সল্যান্ডে এসে পৌছলে বেনাপোলের বিডিআর সদস্য ও জনতা তাকে ধরাধরি করে যশোর জেনারেল হাসপাতালে পাঠায়। এরপর সংকটাপন্ন অবস্থায় তাকে ঢাকা বক্ষব্যাধি হাসপাতালে স্থানান্তর করা হয়।

গুলিবিদ্ধ পারভেজের বাড়ি বগুড়ার নাটোয়াপাড়া গ্রামে। তার বাবার নাম বাবুল হোসেন। এদিকে এ ঘটনার পর উভয় সীমান্তে তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। এ সময় বিএসএফ ৭ রাউন্ড ও বিডিআর ৩ রাউন্ড গুলিবর্ষণ করে।

এ পরিস্থিতিতে বন্ধ হয়ে যায় বন্দরে সব ধরনের আমদানি-রপ্তানি ও যাত্রী যাতায়াত। তবে তাৎক্ষণিক আলাপ-আলোচনার পর দুপুর ২টার পর বন্দর কার্যক্রম পুনরায় শুরু হয়। সর্বশেষ খবরে জানা গেছে, বিডিআর ও বিএসএফ-এর মধ্যে গতকাল বিকাল ৪টায় ঘণ্টাব্যাপী পতাকা বৈঠক হয়েছে। তবে বিএসএফ-এর এ সহিংস

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫

## ভারত ফেরত বাংলাদেশী ছাত্রকে

● শেষের পাতার পর

আচরণে সাধারণ মানুষ শঙ্কিত।

উল্লেখ্য, প্রায় মাসখানেক আগে এ সীমান্তেই বিএসএফ-এর গুলিতে একজন বাংলাদেশী প্রাণ হারিয়েছিল।

### বিডিআরের ভাষ্য

রাতে বিডিআরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বিএসএফ জাহিদ হাসান পারভেজ নামের তরুণটিকে গুলি করার পর ধাওয়া করে সীমান্তের কাছে এলে বিডিআর সদস্যরা পাল্টা গুলি বর্ষণ করে। এতে আরো বলা হয়, পারভেজের ভিসার মেয়াদ আছে আগামী ২৮ নভেম্বর পর্যন্ত। এ ছাড়া বিকালে পতাকা বৈঠকে বিডিআর এ ঘটনার আনুষ্ঠানিক প্রতিবাদ জানায়। সমঝোতা ছাড়াই বৈঠক শেষ হয়। উত্তেজনা কমেনি।

সিলেট অফিস জানায়, সিলেটের গোয়াইনঘাট সীমান্তে ভারতীয়দের গুলিতে নিহত দু বাংলাদেশীর লাশ গতকালও ফেরত দেওয়া হয়নি। এদিকে হত্যাকাণ্ডের পর